# বিশ্বকাপ ফাইনালে হাফটাইম বিরতি হবে ১৭ মিনিট: ফিফা




ছবি: সংগৃহীত

স্পেন ও আর্জেন্টিনার মধ্যকার ২০২৬ ফিফা বিশ্বকাপ ফাইনালের হাফটাইম বিরতির সময় নিয়ে জল্পনার অবসান ঘটিয়েছে ফিফা। সংস্থাটি জানিয়েছে, শিরোপা নির্ধারণী ম্যাচে বিরতির সময় হবে মোট ১৭ মিনিট, যা প্রচলিত সময়ের চেয়ে মাত্র দুই মিনিট বেশি।

রোববার (১৯ জুলাই) নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য ফাইনালকে সামনে রেখে ফিফা এ সিদ্ধান্ত সংশ্লিষ্ট দুই দলের ফুটবল ফেডারেশনকে জানিয়েছে।

ফিফার পরিকল্পনা অনুযায়ী, বিরতির বড় একটি অংশজুড়ে থাকবে বিশেষ সাংস্কৃতিক আয়োজন। এতে সংগীত পরিবেশন করবেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী শাকিরা, ম্যাডোনা ও জাস্টিন বিবার।

এ ছাড়া বাকি সময়ের মধ্যে মঞ্চ স্থাপন ও সরিয়ে নেওয়ার পাশাপাশি মাঠের ঘাসের অবস্থা ঠিক রাখতে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের কাজ সম্পন্ন করা হবে। আগের কয়েকটি ম্যাচে মাঠের ঘাসের মান নিয়ে আলোচনা হওয়ায় বিষয়টিতে বিশেষ গুরুত্ব দিচ্ছে আয়োজকরা।

LENS ASIA

এর আগে বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমে হাফটাইম ২৫ মিনিটের বেশি হতে পারে বলে খবর প্রকাশিত হলেও ফিফা জানিয়েছে, এমন কোনো পরিকল্পনা নেই। পুরো বিরতি ১৭ মিনিটের মধ্যেই শেষ হবে।

অন্যদিকে, তীব্র গরমের কারণে বিশ্বকাপে চালু থাকা হাইড্রেশন ব্রেকের নিয়ম ফাইনালেও বহাল থাকবে। প্রতিটি অর্ধে নির্ধারিত সময় অনুযায়ী খেলোয়াড়রা পানি পানের সুযোগ পাবেন।